মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার -৩

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের নিয়মিত অভিযানে ৩ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ২ আসামি ও গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ আসামি রয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাত আজ রবিবার ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের (২ জুলাই) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পবিত্র ঈদুল আযহার উদযাপন

সারা দেশের ন্যায় মেহেরপুরে উদযাপিত হয়েছে পবিত্র ঈদুল আযহার। ঈদের দিন ৮টায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হয় শহরের পৌর ঈদগাহ ময়দানে। ঈমামতি করেন মাও. আব্দুল হান্নান।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, জেলা প্রশাসক মোঃ আজিজুল ইসলাম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ এ ঈদ জামাতে অংশ নেন। সকাল সাড়ে ৮ টা ঈদের ২য় জামাত অনুষ্ঠিত হয় শহরের মেহরপুর-চুয়াডাঙ্গা সড়কের পুরাতন ঈদগাহ ময়দানে। ঈমামতি করেন মাও. মোঃ রোকন উদ্দীন।

এছাড়াও জেলার তিন উপজেলার ৩৭৪ টি ঈদগাহ ময়দানে ঈদের জামাত অনুষ্ঠিত হয়েছে। মুসুল্লিরা ঈদের নামাজ আদায় করেছেন। জেলায় ঈদের জামায়াতকে কেন্দ্র করে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

মুজিবনগরে প্রাইভেটকার-মোটরসাইকেল সংঘর্ষে আহত ৩ জন

মুজিবনগরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে মোটরসাইকেল এবং প্রাইভেটকারের ভয়াবহ সংঘর্ষের ঘটনা ঘটেছে।

আজ শুক্রবার বেলা সাড়ে বারোটার দিকে এর সংঘর্ষের ঘটনা ঘটে।

স্থানীয় প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা গেছে মেহেরপুরের দিক থেকে ইন্ডিয়ান একটি ইয়ামাহা আর এক্স মোটরসাইকেল করে তিনজন দ্রুত গতিতে মুজিবনগরের দিকে যাচ্ছিল এ সময় মুজিবনগরের দিক থেকে একটি প্রাইভেট কারের সাথে

মেহেরপুর-মুজিবনগর সড়কের মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে মুখোমুখি সংঘর্ষ ঘটে। সংঘর্ষে প্রাইভেটকারটি দুমড়ে মুচড়ে যায় এবং মোটরসাইকেলটি ভেঙ্গে প্রাইভেট কারের নিচে চলে যায়।

এসময় সড়কের উপরে ছিটকে পড়ে রক্তাত্ব আহত হয় মোটর সাইকেলের তিন আরোহী কুষ্টিয়া জেলার খলিশাকুন্ডি নসিমদ্দির ছেলে তুষার (২৫) আনোয়ার হোসেনের ছেলে শাহজাহান (৩০) এবং সুরত আলীর ছেলের জীবন (১৮)। স্থানীয়রা এবং মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা তাদেরকে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।

জানা গেছে, প্রাইভেটকারটির নম্বর ঢাকা মেট্রো গ ২৫-২৫১৩। এর মালিক মেহেরপুর এসএসসি ৯৯ ব্যাচের একটি অনুষ্ঠান যোগদিয়ে মেহেরপুরের দিকে যাচ্ছিল।

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা: আবু

সাইদ জানান, আহতদের মধ্যে সাজাহান ও জীবনের অবস্থা আশংকাজনক। তাদেরকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

মেহেরপুরের চাঁদবিলে শিশুর গলা থেকে স্বর্ণের চেইন ছিনতাই

মেহেরপুর সদর উপজেলা চাঁদবিল গ্রামে এক শিশুর গলা থেকে স্বর্ণের চেইন ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। মঙ্গলবার ছিনতাইয়ের ঘটনা ঘটলেও এখনে পর্যন্ত চেইনটি উদ্ধার করতে পারেনি পুলিশ।

ঘটনার সময় চাঁদবিল গ্রামের শফিকুল ইসলামের মেয়ে সামুরা বাড়ির পাশে ফুফুর বাড়ি যাচ্ছিল। এসময় তারা সড়কের পাশে দাড়িয়ে ছিলো। এ সময় মোটরসাইকেল যোগে এক যুবক তাদের কাছে গিয়ে সামুরাকে বলে মা তোমার বয়সের আমার এক মেয়ে আছে। তার জন্য চেন বানাবো, তোমার চেনটা একটু দেখি। এই বলে গলা থেকে চেনটি নিয়ে দ্রুত মোটরসাইকেল যোগে পালিয়ে যায়।

পরে সামুরার চিৎকারে স্থানীয়রা তাকে ধাওয়া করলেও মুহুর্তের মধ্যে সে পালিয়ে যায়। স্থানীয় কয়েকটি সিসিটিভি ফুটেজে দেখা গেছে ছিনতাইকারী দ্রুত গতিতে মোটরসাইকেল নিয়ে পালিয়ে যাচ্ছে। বিষয়টি নিয়ে মেহেরপুর সদর থানায় জিডি করা হয়েছে।

মেহেরপুরে কোরবানির পশুর চামড়া নিয়ে হতাশা

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের আবু হানিফ দেড় লাখ টাকায় গরু কিনে কোরবানি দিয়েছেন। তার ইচ্ছে ছিল ধর্মীয় নিয়মনীতি অনুসারে কোরবানির পশুর চামড়া বিক্রি করে সেই টাকা আশপাশের

দরিদ্র মানুষের মধ্যে বিলিয়ে দিবেন। কিন্তু দেড় লাখ টাকা দামের গরুর চামড়ার দাম ব্যবসায়ীরা বলছেন মাত্র ১০০ টাকা।

আবু হানিফ বলেন, ঈদুল আজহার নামাজের জামাত শেষ হওয়ায় কিছুক্ষণ পর থেকেই শুরু হয় বৃষ্টি। একদিকে বৃষ্টিতে যেমন কোরবানির পশু জবাই ও মাংস কাটতে ভোগান্তি হয়; অন্যদিকে কোরবানির পশুর চামড়া বিক্রি করার জন্য কোন চামড়ার ব্যবসায়ী না পেয়ে ভোগান্তি আরও বাড়ে। চামড়ার একদিকে চাহিদা কম অন্যদিকে দু’একজন ব্যবসায়ী এসে নিজ ইচ্ছেমতো দাম বলছে। কিছুই করার নেই দেড় লাখ টাকার গরুর চামড়া অল্প দামেই বিক্রি করতে হয়েছে।

বৃহস্পতিবার (২৯ জুন) মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর, হাড়াভাঙ্গা, কাজিপুর, নওদাপাড়া সহ বেশকিছু এলাকায় ঘুরে সর্বত্র এমনই চিত্রের দেখা মেলে। এমন অবস্থায় পশুর চামড়া নিয়ে হতাশা প্রকাশ করেছেন কোরবানিকারীরা।

কোরবানির পর চামড়া কিনতে আসছেন না কোনো ব্যবসায়ী। কোনো কোনো এলাকায় দু’একজন ব্যবসায়ীকে পাওয়া গেলেও দাম বলছেন খুবই কম। গরুর চামড়া আকার ভেদে ১০০ থেকে ২৫০ টাকা পর্যন্ত বলছেন। ছাগলের চামড়ার ক্ষেত্রে বিষয়টা আরও করুণ। এ চামড়ার কোনো ক্রেতাই নেই। তারপরও দুয়েকটা বড় বড় ছাগলের চামড়া ১৫ থেকে ৫০ টাকার মধ্যে কিনেছে চামড়া ব্যবসায়ীরা।

একই উপজেলার সাহেবনগর গ্রামের মোখলেছুর রহমান বলেন, একটি ছাগল কোরবানি দিয়েছিলাম; চামড়া বিক্রি করতে গিয়ে ১৫ টাকা দাম পেয়েছি।

হাড়াভাঙ্গা গ্রামের জিল্লুর রহমান বলেন, কোরবানি পশু ছাগলের চামড়া বিক্রি করতে না পেরে অবশেষে ফেলে দিতে হয়েছে। একজন চামড়া ব্যবসায়ী এসে ছাগলের চামড়াটি দেখে কোন দামই বলেনি। নেওয়াই নাকি সম্ভব না বললেন তিনি।

কথা হয় এক চামড়া ব্যবসায়ীর সঙ্গেও। গরুর চামড়ার দাম একেবারেই কম কিন্তু ছাগলের চামড়া বিক্রি না হওয়ার কারণ জানতে চাইলে চামড়া ব্যবসায়ী শরিফুল ইসলাম বলেন, যেটার কোন চাহিদা নেই সেটা কিনছি না৷ চামড়ার দাম তো আমি কমাচ্ছি না। আমি যেখানে বিক্রি করবো সেখান থেকে কম দামেই কিনতে বলা হয়েছে।

চা খেয়ে ফেরার পথে বিপত্তি/দ্রুতগতির মোটরসাইকেলে প্রাণ গেলো দুই স্কুলছাত্রের

চুয়াডাঙ্গা থেকে চা খেয়ে ফেরার পথে দ্রুতগতির মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে জিসান আহমেদ (১৩) ও সামিউল ইসলাম বিজয় (১৪) নামের দুই স্কুলছাত্র নিহত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৯ জুন) বিকাল ৩ টায় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত জিসান মেহেরপুর পৌর শহরের মল্লিক পাড়ার মৃত আশরাফুল ইসলামের ছেলে ও মেহেরপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র ও সামিউল ইসলাম বিজয় মেহেরপুর শহরের কোর্টপাড়ার মৃত জিয়াউর রহমানের ছেলে।

মেহেরপুর সদর থানার এসআই সঞ্জিব কুমার জানান, তিনটা মোটরসাইকেলে ৬জন বন্ধু মেহেরপুর থেকে চুয়াডাঙ্গায় যায় চা খেতে। সেখানে চা খেয়ে দ্রুত গতিতে মেহেরপুর ফিরছিল। নতুন দরবেশপুর নামক স্থানে পৌঁছানের পর নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার কালভার্টের সাথে ধাক্কা লেগে রক্তাত্ব জখম হয় জিসানসহ তার তিন বন্ধু।

স্থানীয়দের সহায়তায় আহতদের ফায়ার সার্ভিস কর্মীরা মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জিসান ও সামিউল ইসলাম বিজয়কে মৃত ঘোষনা করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের চিকিৎসক শোভন মল্লিক বলেন, মোটরসাইকেল দূর্ঘটনায় আহত দুই ছাত্রের অবস্থা আশংকাজনক। তাদের উন্নত চিকিৎসার জন্য ঢাকায় রেফার্ড করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো:সাইফুল ইসলাম বলেন, মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হওয়ায় বিষয়ে পরবর্তীতে আইনগত ব্যাবস্থা নেওয়া হবে।

[redacted]

[redacted]

সম্মেলনের ১৩ মাস পর মেহেরপুর জেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন

সম্মেলনের ১৩ মাস পর আগামী তিন বছরের (২০২২-২০২৫ সালের) জন্য মেহেরপুর জেলা আওয়ামী লীগের ৭৩ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন করা হয়েছে।

গত শুক্রবার (২৩ জুন) বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতির অনুমোদন সাপেক্ষে সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাক্ষরিত একটি পত্রে আগামী তিন বছরের জন্য মেহেরপুর জেলা আওয়ামী লীগের ৭৩ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটির অনুমোদন দেওয়া হয়েছে। মেহেরপুর জেলা আওয়ামী লীগের একাধীক প্রভাবশালী নেতার মাধ্যমে এই তথ্য নিশ্চিত করা হয়েছে। তবে অনুমোদিত কমিটি এ রিপোর্ট লেখা পর্যন্ত প্রকাশ করা হয়নি। তবে জেলা কমিটির সাধারণ সম্পাদক বলেছেন, ইন্টারন্যাল কারণে কমিটি প্রকাশ করা যাচ্ছে না। সবাই যখন পাবেন তখন আপনারাও (সাংবাদিকরা) পাবেন।

এর আগে গত ২০২২ সালের ১৬ মে মেহেরপুর সামসুজ্জোহা পার্কে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সম্মেলনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে সভাপতি, এমএ খালেককে সাধারণ সম্পাদক, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জিয়া উদ্দীন বিশ্বাস, আব্দুল মান্নান ও অ্যাড. মিয়াজান আলী, অ্যাড. ইয়ারুল ইসলামকে সহসভাপতি ও অ্যাড. ইব্রাহীম শাহীনকে যুগ্ম সাধারণ সম্পাদক এবং সাবেক এমপি জয়নাল আবেদীনকে জাতীয় পরিষদ সদস্য ঘোষণা করা হয়।

দীর্ঘ ১৩ মাস অপেক্ষার পর মেহেরপুর জেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি অনুমোদিত হওয়ায় উচ্ছ্বসিত ও আনন্দিত জেলার নেতাকর্মীরা।

কয়েকটি নির্ভরযোগ্য সূত্রে নতুন অনুমোদিত পূর্ণাঙ্গ কমিটিতে যারা রয়েছেন বলে জানা গেছে। তারা হলেন সভাপতি পদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সহ-সভাপতি পদ পেয়েছেন অ্যাড. মিয়াজান আলী, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জিয়া উদ্দীন বিশ্বাস,

অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, আব্দুল মান্নান, সিরাজুল ইসলাম, শহিদুল ইসলাম বিশ্বাস, শহিদুল ইসলাম শাহ, আবুল কাশেম মাষ্টার, জহুরুল ইসলাম।

যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, অ্যাড. একেএম শফিকুল আলম, রেজাউল ইসলাম মাষ্টার, কোষাধ্যক্ষ সিরাজুল ইসলাম, আইন বিষয়ক সম্পাদক অ্যাড. পল্লব ভট্টচার্য, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক অ্যাড. শহীদুল হক, ধর্ম বিষয়ক সম্পাদক আবুল খায়ের মুন্সি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ইঞ্জিনিয়ার জিয়াউর রহমান মুকুল, সাংগঠনিক সম্পাদক অ্যাড. খোন্দকার আব্দুল মতিন, আশরাফুল ইসলাম স্বপন, যুব ও ক্রীড়া সম্পাদক শাশ্বত নিপ্পন, শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক আরিফুল এনাম বকুল, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক এএসএম নাজমুল হক সাগর, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, দফতর সম্পাদক মকলেছুর রহমান, উপ-দফতর সম্পাদক গোলাম কিবরিয়া বুলু, মহিলা বিষয়ক সম্পাদক শামীম আরা হিরা, প্রচার সম্পাদক আকবর জালাল, উপ-প্রচার সম্পাদক মিজানুর রহমান হিরন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসলাম শিহির, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক আব্দুর রব। এছাড়াও সদস্য হিসেবে কমিটিতে রয়েছে গাংনী আসনের এমপি মোহাম্মদ শাহিদুজ্জামান খোকন, জেলা পরিষদ চেয়ারম্যান মহা: আব্দুস সালাম, প্রফেসর আব্দুল মান্নান (সাবেক এমপি), জয়নাল আবেদীন (সাবেক এমপি), ইকবাল হোসেন বুলবুল, খ ম ইমতিয়াজ হারুন জুয়েল, মেহেরপুর পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন, বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, মোখলেছুর রহমান মুকুল, মোমিনুল ইসলাম, আহম্মেদ আলী, গোলাম মোস্তফা, রুৎ শোভা মন্ডল, গোলাম মোস্তফা, লুৎফুন্নেছা লতা, সৈয়দা মোনালিসা হোসেন, লাভলী ইয়াসমীন, ইদ্রিস আলী মাস্টার, আবুল কাশেম বাবলু, শাহ জামান, কামরুল হাসান চান্দু, আব্দুর রাজ্জাক, গোলাম সাকলায়েন সেপু, সাজেদুল ইসলাম। তবে বাকিদের নাম এখনও জানা সম্ভব হয়নি।

ছিটকে গেলেন হেবিওয়েট নেতারা
জেলা আওয়ামী লীগের গুরুত্বপূর্ণ পদে থেকেও বিভিন্ন নির্বাচনে বিদ্রোহী প্রার্থী হওয়ায় মেহেরপুর জেলা আওয়ামী লীগের কমিটি থেকে যেসব হেবিওয়েট নেতা ছিটকে গেলেন তাদের মধ্যে রয়েছেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মেহেরপুর-২ আসনের একাধিকবার নির্বাচিত সাবেক এমপি মকবুল হোসেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের একাধিকবার

সভাপতির পরিবারের ৫জনসহ ১০ জনই আত্মীয়
মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পরিবারের ৫ জনসহ নিকট আত্মীয় ১০ জন মেহেরপুর জেলা আওয়ামী লীগের কমিটিতে স্থান পেয়েছেন।
তারা হলেন-সভাপতি ফরহাদ হোসেন এমপি, সভাপতির দুলাভাই আব্দুস সামাদ বাবলু বিশ্বাস সহসভাপতি, তার বোন শামীম আরা হিরা মহিলা বিষয়ক সম্পাদক, সভাপতির স্ত্রী সৈয়দা মোনালিসা, ভাই ইকবাল হোসেন বুলবুল, চাচা বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, চাচাত ভাই মোমিনুল ইসলাম, চাচাত ভাই আকবর জালাল ও বিয়াই (বোনের ভাসুর) সিরাজুল ইসলাম ও মামা সম্পর্কের রেজাউল হক মাস্টার বিভিন্ন পদ পেয়েছেন। দলের একটি বিশ্বস্থ সূত্র এ দাবী করেছেন কয়েকজন নেতা।

এ বিষয়ে জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির সাথে যোগাযোগ করার জন্য ফোন করা হলে তিনি ফোন রিসিভ করেননি। তবে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, ১০ জন নিকট আত্মীয় জেলা আওয়ামী লীগের কমিটিতে নেই। প্রতিমন্ত্রীর যেসব আত্মীয় স্বজন এই কমিটিতে ঠাই পেয়েছেন, তারা সবাই সংগঠনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে ছিলেন। এক্ষেত্রে নতুন করে কাউকে কোনো পদ পদবীতে রাখা হয়নি। তারা তাদের নিজের যোগ্যতা বলেই বিভিন্ন পদ-পদবীতে ঠাই পেয়েছেন।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে শিশু আহত

গাংনী উপজেলার সহড়াবাড়িয়া গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তামিম হোসেন (১১) নামের এক শিশু মারাত্বক আহত হয়েছে।

তামিম হোসেন সহড়াবাড়িয়া গ্রামের মাহফুজ রহমান ওরফে লালনের ছেলে।

মঙ্গলবার দিবাগত রাত ৮ টার দিকে নিজ বাড়িতে বিদ্যুৎস্পৃষ্টের ঘটনা ঘটে।

আহত তামিমকে গাংনী উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। তার অবস্থা বর্তমানে আশংকামুক্ত।

তামিমের বাবা লালন জানান, ঘরের গ্রীলের সাথে যাওয়া বিদ্যুতের তার লিক থাকায় গ্রীল বিদ্যুৎ হয়ে ছিল। গ্রীলে হাত দেওয়ার সাথে সাথে সে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আহত হয়। সাথে সাথে তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে আসি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রের জরুরী বিভাগের চিকিৎসক শরীফুল ইসলাম বলেন, বর্তমানে শিশুটি আশংকামুক্ত। তাকে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

মেহেরপুরে ভৈরব নদে ডুবে মাদরাসা ছাত্র নিহত

ভৈরব নদে গোসল করতে গিয়ে আবু সাঈদ (১২) নামে এক মাদরাসা ছাত্র নিহত হয়েছে।

নিহত আবু সাঈদ মেহেরপুর শহরের বেড়পাড়ার সাইফুল ইসলামের ছেলে ও স্থানীয় দারুল কোরআন হাফেজিয়া মাদরাসার হেফজো বিভাগের ছাত্র। (৪ পারার হাফেজ)।

আজ মঙ্গলবার (২৭ জুন) বিকালে এই ঘটনা ঘটে।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মাদরাসা থেকে বাড়ি এসে সাঈদ গোসল করতে ভৈরব নদে যায়। তার পর আর ফিরে আসেনি। ১ ঘন্টা পার হয়ে গেলে বাড়ির লোকজন তাকে খুজতে গিয়ে ভাসতে দেখে। পরে মরদেহ উদ্ধার করেন।